দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 23 1999
পৃষ্ঠা ১২ কলাম ৫

# বিনামূল্যের বই খোলা বাজারে

সৈয়দপুর সংবাদদাতা ।। সারাদেশে গত ৩রা জানুয়ারী আনুষ্ঠানিকভাবে প্রাথমিক বিদ্যালয়গুলিতে বিনামূল্যে বই বিতরণ শুরু হইলেও সৈয়দপুরে ১ম ও ২য় শ্রেণীর বই সরবরাহ করা হয় নাই। সৈয়দপুরসহ নীলফামারী জেলার ৬টি থানায় বিনামূল্যে বই বিতরণ কর্মসূচী শুরু করা হইলেও প্রথম ও দ্বিতীয় শ্রেণীর বই সর বরাহ করা সম্ভব হয় নাই। ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণীর বইও পূর্ণ সেট সররবাহ করা হয় নই। ১টি ২টি করিয়া বই কম সরবরাহ করা হইয়াছে। অপরদিকে সৈয়দপরসহ নীলফামারী জেলার বই-এর দোকান গুলিতে বিনা মূল্যে সরবরাহের বই দেদার বিক্রী হইতেছে। প্রথম শ্রেণীর বই ৬০ টাকা, দ্বিতীয় শ্রেণীর ৮০ টাকা, ৩য় শ্রেণীর ৯০ টাকা, ৪র্থ শ্রেণীর ১০০ টাকা ও ৫ম শ্রেণীর বই ১২০ টাকা সেট দরে বিক্রী হইতেছে। শিক্ষা বিভাগের এব শ্রেণীয় অসাধু কর্মচারী এবং সংশ্লিষ্ট প্রেসের কর্মচারী এইসব বই দোকানগুলিতে সরবরাহ করিতেছে বলিয়া অভিযোগ।

জেলার কিণ্ডার গার্টেন স্কুলের ছাত্রছাত্রী এবং বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শত শত ছাত্র-ছাত্রী এই সকল বিনামূল্যের বই-এর ক্রেতা। কেননা এই সকল স্কুলে সরকারীভাবে বই সববরাহের ব্যবস্থা না থাকায় বাধ্য হইয়া তাহারা কালোবাজারে বই ক্রয় করিয়া থাকে সরকারীভাবে বেসরকারী স্কুলগুলিতে বই সরবরাহের যে ব্যবস্থা রহিয়াছে তাহার দীর্ঘস্ত্রিতার কারণে ঐসকল স্কুলগুলি ঐ পথে পা বাড়ায় না। বৎসরের শুরুতে বোর্ডের বই এবং অন্যান্য বই-এর লিষ্ট দিয়া তাহারা দায়িত্ব শেষ করে। ফলে অভিভাবকগণ বই সংগ্রহের জন্য বই-এর দোকানের দ্বারস্থ হয়। এই কারণে বই-এর দোকানগুলিও অবৈধভাবে বই সংগ্রহ করিয়া বিক্রী করিতে উৎসাহিত হয়। বিনামূল্যের বই বাজারে খোলাখুলিভাবে বিক্রী হইলেও তাহা রোধ করিবার কার্যকর ব্যবস্থা পরিলক্ষিত হয় না।